

নর্দান ইলেকট্রিসিটি সাল্পাই কোম্পানি (নেসকো) লিমিটেড



অভ্যন্তরীণ প্রশিক্ষণ ভাতা ও সম্মানী নীতিমালা- ২০২১

১

১

১

১

১

সূচিপত্র

ক্র. নং.	বিষয়	পৃষ্ঠা নম্বর
১	প্রারম্ভিক	৩
২	সংক্ষিপ্ত শিরোনাম, প্রবর্তন এবং প্রয়োগ	৩
৩	সংজ্ঞা	৩
৪	প্রশিক্ষক হিসেবে সরকারি উচ্চ পর্যায়ের কর্মকর্তাগণের সেশন প্রতি সম্মানী	৪
৫	গবেষক/ বিশেষায়িত প্রশিক্ষকগণের প্রবন্ধ/সেশন প্রতি সম্মানী	৪
৬	নেসকো লিমিটেডের অভ্যন্তরীণ প্রশিক্ষকবৃদ্ধের সেশন প্রতি সম্মানী	৪
৭	প্রশিক্ষণে আমন্ত্রিত অতিথির এককালীন অতিথি সম্মানী	৪
৮	প্রশিক্ষণার্থীদের দৈনিক প্রশিক্ষণ ভাতা	৫
৯	প্রশিক্ষণ কোর্স/সেমিনার/কর্মশালা/ওয়েবিনার পরিচালক, সমন্বয়ক, সহকারী সমন্বয়ক ও সহায়তাকারীর দৈনিক ভাতা	৫
১০	প্রশিক্ষণ/কর্মশালা/সেমিনার/ওয়েবিনার সংশ্লিষ্ট সকলের জন প্রতি দৈনিক আপ্যায়ন ব্যয়	৫
১১	সেশন ব্যাপ্তি	৫
১২	বিবিধ	৬







১. প্রারম্ভিকা

নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই কোম্পানি (নেসকো) লিমিটেড এ যথাযথ প্রশিক্ষণ পরিবেশ সৃষ্টি, দক্ষ ও যোগ্য প্রশিক্ষকের মাধ্যমে প্রশিক্ষণ প্রদান, গতিশীল প্রশিক্ষণ কাঠামো ও প্রশিক্ষিত কর্মীবাহিনী গঠনের অভিপ্রায়ে প্রশিক্ষণ সংক্রান্ত ভাতাদি ও সম্মানী পুঁঁধনির্ধারণকল্পে এই নীতিমালা কোম্পানিতে প্রশিক্ষণের ভাতা ও সম্মানী সংশ্লিষ্ট পূর্ববর্তী সকল অনুমোদিত বিধি/নির্দেশিকা/নীতিমালার স্থলাভিষিক্ত হবে।

২. সংক্ষিপ্ত শিরোনাম, প্রবর্তন ও প্রয়োগ

(ক) এই নীতিমালা “নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই কোম্পানি (নেসকো) লিমিটেড অভ্যন্তরীণ প্রশিক্ষণ ভাতা ও সম্মানী নীতিমালা- ২০২১” হিসেবে অভিহিত হবে।

(খ) এই নীতিমালা কোম্পানির পরিচালনা পর্যবেক্ষণের অনুমোদনের তারিখ হতে কার্যকর হবে।

(গ) এই নীতিমালাটি কোম্পানির ব্যবস্থাপনা পরিচালক এর অনুমোদনক্রমে উপ-মহাব্যবস্থাপক (মানব সম্পদ ও প্রশাসন) এর দপ্তরের প্রত্যক্ষ তত্ত্বাবধানে অথবা উক্ত দপ্তর কর্তৃক প্রদত্ত আয়োজিত সমুদয় প্রশিক্ষণ/ওয়ার্কশপ/সেমিনার/ওয়েবিনার কার্যক্রমের জন্য প্রযোজ্য হবে।

৩. সংজ্ঞা

প্রশিক্ষণঃ প্রশিক্ষণ হলো একটি সংগঠিত কর্মপ্রক্রিয়া যা মূলত কোন তথ্য অথবা নির্দেশনার প্রতি লক্ষ্য রেখে পরিচালিত হয় এবং যা প্রশিক্ষণার্থী তথা অংশগ্রহণকারীর দক্ষতা ও কাঞ্জিত বিষয়ে জ্ঞান বৃদ্ধিতে সহায়তা করে।

অভ্যন্তরীণ প্রশিক্ষণঃ নেসকোর প্রত্যক্ষ তত্ত্বাবধানে ও নেসকো দ্বারা আয়োজিত ও পরিচালিত সকল প্রশিক্ষণ।

অভ্যন্তরীণ প্রশিক্ষকঃ নেসকো লিমিটেডে কর্মরত এমপ্লায়ি, নেসকো লিমিটেডের পরিচালনা পর্যবেক্ষণের সম্মানীত চেয়ারম্যান ও সদস্যবৃন্দ সময়ে যখন অভ্যন্তরীণ প্রশিক্ষণ কোর্সের জন্য প্রশিক্ষক হিসেবে প্রশিক্ষণ প্রদান করবেন।

কর্মশালাঃ যে পক্ষতিতে প্রশিক্ষক কোন একটি বিষয় প্রশিক্ষণার্থীদের নিকট উপস্থাপন করেন এবং উপস্থাপিত বিষয় নিয়ে প্রশিক্ষণার্থীরা কর্মসূলে বসেই নিজেরা নিজেদের করনীয় বিষয় আলাপ আলোচনা করে নির্ধারণ করেন এবং প্রশিক্ষক সার্বিক ভাবে সহযোগিতা করেন।

সেমিনারঃ কোন একটি সুনির্দিষ্ট বিষয়ে অভিজ্ঞ কী নোট স্পিকার কর্তৃক এক বা একাধিক সেশনে পারস্পরিক আলাপ আলোচনার মাধ্যমে উক্ত বিষয়ে সুস্পষ্ট দিক নির্দেশনা লাভের যে প্রয়াশ।

আমন্ত্রিত অতিথিৎ প্রশিক্ষণ, কর্মশালা, সেমিনার, ওয়েবিনার ইত্যাদি অনুষ্ঠানে বিভিন্ন কোর্সের উদ্বোধনী ও সমাপনী সেশনের প্রধান অতিথি, বিশেষ অতিথি এবং সভাপতি।

বিইআরসিঃ বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন।

বিপিএমআইঃ বাংলাদেশ পাওয়ার ম্যানেজমেন্ট ইনসিটিউট।

সেশনঃ প্রতিটি কোর্সের বিষয় ও কন্টেন্ট ভিত্তিক সময় বিভাজন।

কোর্সঃ প্রশিক্ষণ পরিকল্পনার অন্তর্ভুক্ত অথবা এমপ্লায়িদের চাহিদার প্রেক্ষিতে কর্তৃপক্ষের অনুমোদনক্রমে আয়োজিত কতিপয় সেশনের সমষ্টি যা প্রশিক্ষণ প্রোগ্রামের মৌলিক বিষয় হিসেবে বিবেচিত।

প্রশিক্ষক সম্মানীঃ প্রশিক্ষণ, কর্মশালা, সেমিনার, ওয়েবিনার ইত্যাদি অনুষ্ঠানে সম্মানিত প্রশিক্ষকবৃন্দকে আবর্তক বা অনাবর্তকভাবে প্রদত্ত অর্থ যা সেশন ভিত্তিক বা প্রবক্ষ প্রতি প্রদেয়।

অতিথি সম্মানীঃ প্রশিক্ষণ, কর্মশালা, সেমিনার, ওয়েবিনার ইত্যাদি অনুষ্ঠানে সম্মানিত আমন্ত্রিত অতিথিবৃন্দকে আবর্তক বা অনাবর্তকভাবে প্রদত্ত অর্থ যা এককালীন হিসেবে প্রদেয়।

দৈনিক ভাতাঃ প্রশিক্ষণ, কর্মশালা, সেমিনার, ওয়েবিনার ইত্যাদি অনুষ্ঠানে সংশ্লিষ্ট কোর্স পরিচালক, সমন্বয়ক, সহকারী সমন্বয়ক, সহায়তাকারীবৃন্দকে আবর্তক বা অনাবর্তকভাবে প্রদত্ত অর্থ যা দৈনিক হারে প্রদেয়।

৫

১
১

৪

৪. প্রশিক্ষক হিসেবে সরকারি উচ্চ পর্যায়ের কর্মকর্তাগণের সেশন প্রতি প্রশিক্ষক সম্মানী নিম্নরূপ হবেঃ

ক্র. ন.	প্রশিক্ষকের পদবি/পে-গ্রেড	সেশন প্রতি প্রশিক্ষক সম্মানী (নিট)
০১	সিনিয়র সচিব/সচিব/ জাতীয় পে স্কেল এর ১ম গ্রেডভুক্স/সমমানের কর্মকর্তা	৫,০০০/-
০২	অতিরিক্ত সচিব/ যুগ্মসচিব/জাতীয় পে স্কেল এর ২য় ও ৩য় গ্রেডভুক্স/সমমানের কর্মকর্তা	৮,০০০/-
০৩	উপ-সচিব/জাতীয় পে স্কেল এর ৪র্থ ও ৫ম গ্রেডভুক্স/সমমানের কর্মকর্তা	৩,০০০/-
০৪	সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব/জাতীয় পে স্কেল এর ৬ষ্ঠ হতে ৯ম গ্রেডভুক্স/সমমানের কর্মকর্তা	২,০০০/-

৫. গবেষক/ বিশেষায়িত প্রশিক্ষকগণের প্রবন্ধ/সেশন প্রতি প্রশিক্ষক সম্মানী নিম্নরূপ হবেঃ


ক্র. ন.	গবেষক/বিশেষায়িত প্রশিক্ষক	প্রশিক্ষক সম্মানী (নিট)
০১	কী নোট স্পিকার (প্রবন্ধ প্রতি)	১০,০০০/-
০২	কী নোট স্পিকার (দৈত বা একাধিক প্রাবাহিক হলে, প্রবন্ধ প্রতি)	১৫,০০০/-
০৩	বিশেষায়িত ও কারিগরি জ্ঞান ও দক্ষতা সমৃদ্ধ প্রতিষ্ঠানের প্রতিনিধি/বিষয়ভিত্তিক কর্পোরেট সেন্টারের অভিজ্ঞ কর্মকর্তা (আন্তর্জাতিক/বহুজাতিক/গুপ অব কোম্পানিজ) সেশন প্রতি	৫,০০০/-

৬. -নেসকো লিমিটেডের অভ্যন্তরীণ প্রশিক্ষকবৃন্দের সেশন প্রতি প্রশিক্ষক সম্মানী নিম্নরূপ হবেঃ

ক্র. ন.	প্রশিক্ষক	সেশন প্রতি প্রশিক্ষক সম্মানী (নিট)
০১	পরিচালনা পর্যদের সম্মানিত চেয়ারম্যান	৫,০০০/-
	পরিচালনা পর্যদের সম্মানিত সদস্যবৃন্দ	
০২	নির্বাহী পরিচালক/সমমানের কর্মকর্তা	৮,০০০/-
০৩	মহাব্যবস্থাপক/প্রধান প্রকৌশলী/সমমানের কর্মকর্তা	৩,৫০০/-
০৪	উপ-মহাব্যবস্থাপক/তত্ত্বাবধায়ক প্রকৌশলী/সমমানের কর্মকর্তা	৩,০০০/-
০৫	ব্যবস্থাপক/নির্বাহী প্রকৌশলী/সমমানের কর্মকর্তা	২,৫০০/-
০৬	উপ-ব্যবস্থাপক/উপ-বিভাগীয় প্রকৌশলী/সমমানের কর্মকর্তা	২,০০০/-
০৭	সহকারী প্রকৌশলী/সহকারী ব্যবস্থাপক/সমমানের কর্মকর্তা	১,৫০০/-

৭. প্রশিক্ষণে আমন্ত্রিত অতিথির এককালীন অতিথি সম্মানী নিম্নরূপ হবেঃ

ক্র. ন.	অতিথি	এককালীন অতিথি সম্মানী (নিট)
০১	প্রধান অতিথি	১২,০০০/-
০২	বিশেষ অতিথি ও সভাপতি	১০,০০০/-



৮. প্রশিক্ষণার্থীদের দৈনিক প্রশিক্ষণ ভাতা নিম্নরূপ হবেঃ

ক্র. ন.	প্রশিক্ষণার্থী	দৈনিক প্রশিক্ষণ ভাতা (নিট)
০১	নেসকোর পে গ্রেড ০১ হতে ১৬ পর্যন্ত সকল এমপ্লাই	প্রশিক্ষণার্থী প্রশিক্ষণ/সেমিনার/কর্মশালা/ওয়েবিনারে অংশগ্রহণ করে দৈনিক ভাতা (ডিএ) প্রাপ্ত হলে প্রশিক্ষণ ভাতা পাবেন না শুধু প্রশিক্ষণ বাবদ আপ্যায়ন প্রাপ্ত হবেন। তবে, দৈনিক ভাতা প্রাপ্ত না হলে উক্ত প্রশিক্ষণার্থী তার প্রাপ্ত দৈনিক ভাতার অর্ধ হারে প্রশিক্ষণ ভাতা প্রাপ্ত হবেন।

৯. প্রশিক্ষণ কোর্স/সেমিনার/কর্মশালা/ওয়েবিনার পরিচালক, সমষ্টয়ক, সহকারী সমষ্টয়ক ও সহায়তাকারীর দৈনিক ভাতা নিম্নরূপ হবেঃ

কোন কর্মকর্তা/কর্মচারী দাপ্তরিক কাজের অতিরিক্ত হিসেবে প্রশিক্ষণ কোর্স পরিচালনা/ব্যবস্থাপনার দায়িত্বে নিয়োজিত থাকলে সেক্ষেত্রে তাদেরকে নিম্নারে অতিরিক্ত দৈনিক ভাতা প্রদান করা যেতে পারে:

ক্র. ন.	প্রশিক্ষণ কোর্স/সেমিনার/কর্মশালা/ওয়েবিনার পরিচালক, সমষ্টয়ক, সহকারী সমষ্টয়ক ও সহায়তাকারী	দৈনিক ভাতা (নিট)
০১	কোর্স পরিচালক (মহাব্যবস্থাপক/প্রধান প্রকৌশলী/উপ-মহাব্যবস্থাপক/তত্ত্বাবধায়ক প্রকৌশলী/ সমমানের কর্মকর্তা)	১,০০০/-
০২	কোর্স সমষ্টয়ক (ব্যবস্থাপক/নির্বাহী প্রকৌশলী/ সমমানের কর্মকর্তা)	৮০০/-
০৩	সহকারী কোর্স সমষ্টয়ক (উপ-ব্যবস্থাপক/উপ-বিভাগীয় প্রকৌশলী/ সহকারী ব্যবস্থাপক/সহকারী প্রকৌশলী/ সমমানের কর্মকর্তা)	৬০০/-
০৪	কোর্স সহায়তাকারী (কোর্স প্রতি সর্বোচ্চ ০২ জন) নেসকো লিমিটেড এর পে গ্রেড ১৪ হতে ১৬ এর এমপ্লাই	৮০০/-

১০. প্রশিক্ষণ/কর্মশালা/সেমিনার/ওয়েবিনার সংশ্লিষ্ট সকলের জন প্রতি দৈনিক আপ্যায়ন ব্যয় নিম্নরূপ হবেঃ

ক্র. ন.	আপ্যায়ন	নেসকো'র প্রশিক্ষণ/কর্মশালা/সেমিনার/ওয়েবিনার সংশ্লিষ্ট সকলের জন প্রতি দৈনিক আপ্যায়ন ব্যয়
০১	দুপুরের খাবার	৫০০/-
০২	নাস্তা প্রতি	২০০/-

১০. সেশন ব্যাপ্তি

প্রতি সেশনের ব্যাপ্তি ৫৫ মিনিট এবং দিনব্যাপী প্রশিক্ষণ/কর্মশালা/সেমিনার/ওয়েবিনার এর ক্ষেত্রে ০১ দিনে সর্বোচ্চ ৭ (সাত) টি সেশন করা যেতে পারে।

ব্যাপ্তি স্বীকৃত হচ্ছে।

১১. বিবিধ

নীতিমালা
ক) শুধুমাত্র বুনিয়াদী প্রশিক্ষণ কোর্সের (ফাউন্ডেশন ট্রেইনিং) এবং ৭ দিনের অধিক ব্যাপ্তির প্রশিক্ষণের ক্ষেত্রে উকোধনী ও সমাপনী অধিবেশন রাখা যাবে। গুরুত্ব বিবেচনায় বিশেষ প্রয়োজন হলে ব্যবস্থাপনা পরিচালকের লিখিত অনুমোদনক্রমে এক বা একাধিক দিনের কর্মশালা/সেমিনার/ওয়েবিনারের ক্ষেত্রে শুধুমাত্র উকোধনী অধিবেশন করা যাবে।
খ) কোন প্রশিক্ষক একাধিক সেশনে প্রশিক্ষণ প্রদানের ক্ষেত্রে প্রশিক্ষণ সেশন প্রতি সম্মানী প্রাপ্তি সম্মানী প্রাপ্তি হবেন।
গ) সকল সম্মানী ও ভাতার ক্ষেত্রে কর প্রয়োজ্য হলে তা নেসকো বহন করবেন।
ঘ) অন-লাইন প্রশিক্ষণ/কর্মশালা/সেমিনার/ওয়েবিনারে প্রশিক্ষককৃত, প্রশিক্ষণার্থী ও প্রশিক্ষণ সংশ্লিষ্টদের আপ্যায়ন বাবদ ব্যয় প্রয়োজ্য হবে।
ঙ) অর্ধদিবস প্রশিক্ষণ/কর্মশালা/সেমিনার/ওয়েবিনার (কমপক্ষে ০৪ টি সেশন) যদি পূর্বাঙ্কে অনুষ্ঠিত হয় তবে ০১ (এক) টি নাস্তা ও দুপুরের খাবার বাবদ ব্যয় প্রয়োজ্য হবে।
চ) পূর্ণদিবস প্রশিক্ষণ/কর্মশালা/সেমিনার/ওয়েবিনারে ২ (দুই) টি নাস্তা ও দুপুরের খাবার প্রয়োজ্য হবে।
ছ) একই ব্যাপ্তি একই সময়ে একাধিক কোর্সের দায়িত্বে থাকতে পারবেন না।
জ) এই নীতিমালাটির যে কোন সংশোধন, পরিবর্ধন ও পরিমার্জনের জন্য নেসকো লিমিটেডের পরিচালনা পর্যবেক্ষণের অনুমোদন প্রয়োজন হবে।

৫ ৬